

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে চালু হচ্ছে রেসিডেন্ট স্কলারশিপ

অনলাইন ডেস্ক

০৬ জানুয়ারি,  
২০২৫ ১৭:২২

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে রেসিডেন্ট স্কলারশিপ চালু হচ্ছে বলে জানিয়েছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আব্দুল কাদের।

সোমবার বিকেলে তিনি জানান, ‘ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৫২ শতাংশ নারী শিক্ষার্থী থাকা সত্ত্বেও তাদের জন্য হল মাত্র ৫ টি। নিম্ন মধ্যবিত্ত পরিবার থেকে সংগ্রাম করে উঠে আসা মেয়েদের ঢাকায় এসে চারটা খেয়ে পরে টিকে থাকা দায় হয়ে যায়। এমন পরিস্থিতি নারীদের উচ্চ শিক্ষার অন্তরায়।

,

## আরো পড়ুন



জাল নোটসহ গ্রেপ্তার ইমাম কি জামায়াত নেতা?

তিনি বলেন, ‘বিগত দিনে বিশ্ববিদ্যালয় প্রশাসন সরকারের হীন স্বার্থ হাসিল করতে গিয়ে বিশ্ববিদ্যালয়ে কৃত্রিম সিট সংকট তৈরী করে আসছিল। বর্তমান প্রশাসন এক্ষেত্রে আন্তরিকতা দেখাচ্ছে। নারী শিক্ষার্থীদের জন্য চীন সরকার এবং ওয়াল্ড ব্যাংকের অর্থায়নে দুটি হল করতে যাচ্ছে, যেখানে প্রায় ৪ হাজার শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা নিশ্চিত করা যাবে।’

আব্দুল কাদের আরো বলেন, ‘হল তৈরীর আগ পর্যন্ত যাদের সিট দিতে পারবে না, প্রশাসনের পক্ষ থেকে তাদের জন্য রেসিডেন্ট স্কলারশিপ- এর ব্যবস্থা করতে যাচ্ছে।

প্রতিমাসে ৪-৫ হাজার টাকা করে দেওয়া হবে। দাতা সংস্থাগুলোর সাথে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কথা পাকপাকি হয়েছে বলে নিশ্চিত করেছেন। আমরা অতিদ্রুত এই রেসিডেন্ট স্কলারশিপ কার্যক্রম চালু করার দাবি জানাই।’